# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৪৭/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৯ জানুয়ারি ২০১৮, ১৬ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ১২শ' মেগাওয়াট মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্র নির্মাণের কাজ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা-প্রেসিডেন্ট জোকো উইদোদো বৈঠক
: রোহিঙ্গা ইস্যুর দ্রুত সমাধানের আহ্বান জাকার্তার

৩। ঢাকা ও জাকার্তার মধ্যে ৫টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর

৪। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট

৫। বাংলাদেশের উন্নয়ন সহযোগী হতে জাপানের আগ্রহ পুনর্ব্যক্ত

৬। জাতীয় সংসদে 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় বিল' পাস

৭। দ্বিতীয় স্প্যান বসানোয় দৃশ্যমান হলো পদ্মা সেতুর ৩০০ মিটার

৮। ফেসবুক বন্ধ নয়, প্রশ্নফাঁস ঠেকানো হবে : শিক্ষামন্ত্রী

৯। পুলিশের সামর্থ্যের চেয়ে সফলতা অনেক বেশি : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। রাজধানীর চারপাশের নদী বাঁচাতে দরকার মহাপরিকল্পনা : স্থানীয় সরকারমন্ত্রী

১১। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম পাঁচ মাসে সেবাখাতের রপ্তানি ১৫৮ কোটি ডলার

১২। ভোলার নতুন গ্যাসক্ষেত্রের পাশে বিদ্যুৎকেন্দ্র হচ্ছে

চলমান পাতা-২

**১। ১২শ’ মেগাওয়াট মাতারবাড়ি বিদ্যুৎকেন্দ্র নির্মাণের কাজ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাতারবাড়ি এক হাজার ২০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র নির্মাণকাজের উদ্বোধন করেছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে গতকাল (২৮ জানুয়ারি রোববার) তিনি গণভবন থেকে এ বিদ্যুৎকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। জাপান সরকারের ঋণ সহায়তায় বিদ্যুৎকেন্দ্রটি নির্মাণ করছে কোল বাংলাদেশ পাওয়ার জেনারেশন কোম্পানি। উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জাপান সরকারকে ধন্যবাদ জানিয়ে কাজ করতে আসা বিদেশি নাগরিকদের সর্বোচ্চ নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা-প্রেসিডেন্ট জোকো উইদোদো বৈঠক**
**: রোহিঙ্গা ইস্যুর দ্রুত সমাধানের আহ্বান জাকার্তার**

বাংলাদেশে সফররত ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো রোহিঙ্গা ইস্যুর দ্রুত ও শান্তিপূর্ণ সমাধানের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যালয়ে তাঁর সঙ্গে বৈঠককালে তিনি এ আহ্বান জানান। গতকাল (২৮ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে পররাষ্ট্রসচিব মো. শহিদুল হক বলেন, বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্কের পরিপ্রেক্ষিতে যত দ্রুত সম্ভব রোহিঙ্গা সংকটের শান্তিপূর্ণ সমাধান জরুরি। দেশে আসিয়ান সদস্যভুক্ত কোনো সরকারপ্রধানের সফর ও রোহিঙ্গাদের দুরবস্থা সরেজমিনে প্রত্যক্ষ করা একটি বড় ধরনের ইস্যু। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। ঢাকা ও জাকার্তার মধ্যে ৫টি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর**

আসিয়ানের সেক্টোরাল ডায়ালগ পার্টনার হতে আগ্রহী বাংলাদেশকে সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন ঢাকা সফররত ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো। গতকাল (২৮ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে তিনি এ আশ্বাস দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকের পর বাণিজ্য, কূটনীতি, মৎস্য এবং জ্বালানিখাতে পারস্পরিক সহযোগিতা বাড়ানোর জন্য বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে পাঁচটি চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৪। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট**

ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদো গতকাল (২৮ জানুয়ারি রোববার) কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন। এ সময় তিনি বলেন, বিপুল সংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে বাংলাদেশ মানবতার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। বাংলাদেশের ভূয়সী প্রশংসা করে তিনি আরও বলেন, রোহিঙ্গা ইস্যুতে ইন্দোনেশিয়া বাংলাদেশের পাশেই থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

**৫। বাংলাদেশের উন্নয়ন সহযোগী হতে জাপানের আগ্রহ পুনর্ব্যক্ত**

সফররত জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ উপদেষ্টা কেনতারো সোনোউরা বলেছেন, তাঁর দেশ বাংলাদেশের সঙ্গে বিভিন্ন খাতে বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানি খাতে সহযোগিতা অব্যাহত রাখতে আগ্রহী। তিনি বলেন, প্রধানমন্ত্রী সিনজো আবে বাংলাদেশের সঙ্গে বিভিন্ন খাতে সহযোগিতা অব্যাহত রাখার আকাঙ্ক্ষা ব্যক্ত করেছেন। জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ উপদেষ্টা গতকাল (২৮ জানুয়ারি রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সৌজন্য সাক্ষাৎকালে এ কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ সময় বাংলাদেশে জাপানি বিনিয়োগকে স্বাগত জানিয়ে বলেন, অর্থনৈতিক সমৃদ্ধির জন্য উন্নয়ন লক্ষ্য অর্জনে জাপানি সহায়তা বিশেষ কাজে দেবে। তিনি মাতারবাড়ির কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে সহযোগিতার জন্য জাপান সরকারকে ধন্যবাদ জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে (পৃ.১**,ক.৪)।

**৬। জাতীয় সংসদে 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় বিল' পাস**

'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় বিল-২০১৮' গতকাল (২৮ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে পাস হয়েছে। এ আইনের অধীনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নামে নেত্রকোনায় একটি বিশ্ববিদ্যালয় হবে। গতকাল বিলটি সংসদে পাসের প্রস্তাব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিলের ওপর দেওয়া জনমত যাচাই-বাছাই কমিটিতে পাঠানো এবং সংশোধনী প্রস্তাবগুলোর নিষ্পত্তি শেষে কণ্ঠভোটে বিলটি পাস হয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১)।

**৭। দ্বিতীয় স্প্যান বসানোয় দৃশ্যমান হলো পদ্মা সেতুর ৩০০ মিটার**

পিলারে দ্বিতীয় স্প্যান (সুপার স্ট্রাকচার) বসানোর মাধ্যমে দৃশ্যমান হলো স্বপ্নের পদ্মা সেতুর ৩০০ মিটার অংশ। গতকাল (২৮ জানুয়ারি রোববার) পদ্মা নদীর জাজিরা প্রান্তে সেতুর ৩৮-৩৯ নম্বর পিলারের উপর বসানো হয় দ্বিতীয় স্প্যান ৭বি। এর আগে গত বছর ৩০ সেপ্টেম্বর সেতুর ৩৭ ও ৩৮ নম্বর পিলারের উপর প্রথম স্প্যানটি বসানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (**পৃ.১**,ক.৫)।

**৮। ফেসবুক বন্ধ নয়, প্রশ্নফাঁস ঠেকানো হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পরীক্ষার সময় ফেসবুক বন্ধ করা নয়, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস রোধে বিটিআরসি'র সহযোগিতা চাওয়া হয়েছে। বিটিআরসি সহযোগিতার আশ্বাস দিয়ে বলেছে, ফেসবুক বন্ধ না করে প্রশ্ন ফাঁস ঠেকানোর পদ্ধতি অবলম্বন করা হবে। গতকাল (২৮ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৯। পুলিশের সামর্থ্যের চেয়ে সফলতা অনেক বেশি : স্বরাষ্ট্রমন্ত্রী**

পুলিশের সামর্থ্যের চেয়ে সফলতা অনেক বেশি বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (২৮ জানুয়ারি রোববার) রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন অডিটোরিয়ামে বাংলাদেশ পুলিশ আয়োজিত 'কৌশলগত পরিকল্পনা ২০১৮-২০২০' কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন। মন্ত্রী বলেন, পুলিশের গৃহীত কৌশলগত পরিকল্পনা আগামী তিন বছরে বাস্তবায়িত হলে পুলিশ আরো দক্ষ, গণমুখী ও শক্তিশালী হবে। তিনি এ কৌশলগত পরিকল্পনা বাস্তবায়নের ওপর জোর দিয়ে বলেন, এটি সফলভাবে বাস্তবায়িত হলে পুলিশ জনগণকে সর্বোচ্চ সেবা প্রদান করতে পারবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.২)।

**১০। রাজধানীর চারপাশের নদী বাঁচাতে দরকার মহাপরিকল্পনা : স্থানীয় সরকারমন্ত্রী**

মহাপরিকল্পনার মাধ্যমে রাজধানীর চারপাশের নদীগুলোকে বাঁচিয়ে তুলতে হবে। কারণ এ নদীগুলো ঢাকা শহরের প্রাণ। গতকাল (২৮ জানুয়ারি রোববার) স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে চট্টগ্রামের কর্ণফুলী নদীসহ ঢাকার চারপাশের নদীগুলোর দূষণরোধ এবং নাব্যতা বৃদ্ধির জন্য মহাপরিকল্পনা তৈরিসংক্রান্ত কমিটির সভায় সভাপতিত্বকালে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন এ কথা বলেন। এ সময় পানিসম্পদমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন ও চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৫)।

**১১। চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম পাঁচ মাসে সেবাখাতের রপ্তানি ১৫৮ কোটি ডলার**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম পাঁচ মাসে (জুলাই-নভেম্বর) সেবাখাতে ১৫৮ কোটি মার্কিন ডলার বা ১২ হাজার ৯৫৬ কোটি টাকার রপ্তানি আয় হয়েছে। এটি গত অর্থবছরের একই সময়ে রপ্তানি হওয়া ১৩৪ কোটি ডলারের চেয়ে ১৭ দশমিক ৬৭ শতাংশ বেশি। রপ্তানি উন্নয়ন ব্যুরো সম্প্রতি সেবাখাতের রপ্তানি আয়ের হালনাগাদ পরিসংখ্যান প্রকাশ করেছে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১)।

**১২। ভোলার নতুন গ্যাসক্ষেত্রের পাশে বিদ্যুৎকেন্দ্র হচ্ছে**

দ্বীপজেলা ভোলার ভেদুরিয়ায় নতুন গ্যাসক্ষেত্র আবিস্কার হয়েছে। এর পাশেই একটি অর্থনৈতিক অঞ্চল গড়ার পরিকল্পনা নিয়েছে সরকার। প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চলের জন্য ২২৫ মেগাওয়াট ক্ষমতার বিদ্যুৎকেন্দ্র নির্মাণের উদ্যোগ নিয়েছে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি)। আগামী তিন বছরের মধ্যে কেন্দ্রটি চালুর পরিকল্পনা রয়েছে। সূত্র- **সমকাল** (পৃ.১৯,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ময়মনসিংহ, যশোর ও বরিশাল বিভাগে অধিকাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় অনতিবিলম্বে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ :** সুষ্ঠু নদী ব্যবস্থাপনায় পরিকল্পিত ড্রেজিংয়ের মাধ্যমে নদ-নদীর নাব্যতা রক্ষায় প্রতিবছর ড্রেজিং করার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ :** ইয়াবা পাচারে জড়িত ৬২ চিহ্নিত গডফাদার ও ঋণখেলাপিদের প্রকাশিত তালিকা তুলে ধরে শুধু তালিকা করাই নয় অন্যায় প্রতিরোধে কর্তৃপক্ষকে কার্যকর ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ঘ.** **প্রথম আলো :** ঢাকার সাত কলেজের ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি নিয়ে সৃষ্ট সংকট সমাধানে সরকারসহ সংশ্লিষ্ট সব পক্ষকে দ্রুত বাস্তবসম্মত সিদ্ধান্ত নেওয়ার আহ্বান।

**ঙ.** **সমকাল :** খানা জরিপ বা হাউজহোল্ড সার্ভে করতে গিয়ে জরিপকারীরা প্রবেশাধিকারসহ যেসব বাধার মুখোমুখি হচ্ছেন সংশ্লিষ্টদের সে বিষয়ে যথোচিত পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**চ.** **যুগান্তর :** ক্রমবর্ধমান সাইবার অপরাধ দমাতে প্রয়োজনীয় জনবল ও ব্যাপক জনসচেতনতা বাড়ানোর প্রত্যাশা।

**ছ.** **ডেইলি স্টার :** বাংলাদেশকে মধ্যমআয়ের দেশে পরিণত করতে ক্ষুদ্র ও মাঝারিখাতের প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে সরকারকে অধিক গুরুত্ব দেওয়ার প্রত্যাশা।

**জ.** **ডেইলি সান :** রাজধানীর কুড়িল এলাকার ৩০০ ফুট সড়কের উভয়পাশে খাল করার প্রজেক্টের ক্ষতিগ্রস্তদের দ্রুত ক্ষতিপূরণ দেওয়ার আহ্বান।

**ঝ.** **ইন্ডিপেনডেন্ট :** ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতগণ বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে সরাসরি বিদেশি বিনিয়োগ বাড়ানোর ও রপ্তানিপণ্য বহুমুখীকরণের ওপর গুরুত্বারোপ করে যে অভিমত প্রকাশ করেছেন তা সুবিবেচনায় নেওয়ার সুপারিশ।

**ঞ.** **নিউ এজ :** বেসরকারি হেল্পলাইনের পরিবর্তে কৃষকদের কাছে সেবা পৌঁছে দিতে সরকারি কৃষি তথ্য সেবাকেন্দ্রের সেবা বাড়ানোর ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

**ট.** **নিউজ টুডে, ইত্তেফাক :** ছিনতাইকারীদের দমনে অনতিবিলম্বে বিশেষ টিম গঠন করে সর্বাত্মক অভিযান চালানোর সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উন্নয়ন ও গণতন্ত্রকে দারিদ্র্যবান্ধব এবং জনগণের ক্ষমতায়নের হাতিয়ার করতে হলে দুর্নীতিবিরোধী যুদ্ধকে আরও শক্তিশালী করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'প্রশ্ন ফাঁস রোধ করুন আগে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রশ্ন ফাঁস ও অনৈতিক কার্যকলাপের সঙ্গে যুক্তদের বিরুদ্ধে এখনই কঠোর শাস্তি নিশ্চিত করা প্রয়োজন।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮